JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/16/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো 2019 নির্বাহী বাজেটে (2019 EXECUTIVE BUDGET) আগ্রাসী লবিইং সংশোধন প্রস্তাবনা অন্তর্ভুক্ত থাকার ঘোষণা দিলেন

বহুমাত্রিক এই প্রস্তাবনাতে থাকবে জাতির প্রথম হিসেবে স্টেট লবিস্ট কোড অফ কন্ডাক্ট, রাজনৈতিক কনসাল্টেন্টদের জন্য তারা নির্বাচিত করতে সাহায্য করে এমন নির্বাচিত কর্মকর্তার জন্য লবিং নিষিদ্ধ করা, জননীতির যৌথ কমিশনের (Joint Commission on Public Ethics, JCOPE) ডিসক্লোজার আবশ্যক এমন লবিং খরচের শেষ সীমা কমানো, এবং ডিসক্লোজার আইন মানতে ব্যর্থ হওয়া লবিস্ট এর শাস্তি বর্ধন

লবিং সংশোধনের ব্যাপারে গভর্নর কুওমোর বক্তব্য এখানে আছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজকে ঘোষণা করলেন যে 2019 নির্বাহী বাজেটে সংশোধন প্রণয়নের জন্য একটি কম্প্রিহেন্সিভ প্রস্তাবনা অন্তর্ভুক্ত থাকবে। বহুমাত্রিক এই বিধানিক প্যাকেজ জাতির প্রথম স্টেট লবিস্ট কোড অফ কন্ডাক্ট (Code of Conduct) তৈরি করবে, রাজনৈতিক কনসাল্টেন্টদের জন্য তারা নির্বাচিত করতে সাহায্য করে এমন নির্বাচিত কর্মকর্তার জন্য লবিং নিষিদ্ধ করা, JCOPE ডিসক্লোজার আবশ্যক এমন লবিং খরচের শেষ সীমা কমিয়ে 500 মার্কিন ডলার করবে, এবং ডিসক্লোজার আইন মানতে ব্যর্থ হওয়া লবিস্ট এর শাস্তি বর্ধন যার মধ্যে সম্ভাব্য বার সনদ বাতিল অন্তর্ভুক্ত। লবিং এর ব্যাপারে গভর্নরের বক্তব্য ইউটিউবে দেখা যাবে এখানে এবং (h.264, mp4) ফরম্যাটে টিভির মানসম্পন্ন ভিডিও দেখা যাবে এখানে।

"জনগণের আস্থা নিশ্চিত করতে আমাদের আরো অনেক কিছু করার আছে এবং এইজন্যই মারা লবিস্টদের জন্য একটি পাবলিক কোড অফ কন্ডাক্ট প্রণয়ন করতে চাই যা স্ব-কারবার এবং স্বার্থের দ্বন্দ্ব বন্ধ করে ফলে সবাই জানে যে কে কার জন্য কাজ করছে", **গভর্নর কুওমো বলেন।** "এই প্রস্তাবনার সাথে, আমরা রাজনৈতিক কনসালটেন্টদের জন্য তারা যাদের নির্বাচিত হতে সাহায্য করেছে তাদের হয়ে লবিং নিষিদ্ধ করছি, লবিং নিষেধাজ্ঞা একই স্থানে ঘুরপাক খেতে লবিং এর ক্ষেত্র পর্যন্ত বিস্তৃত করছি, যেসব লবিস্ট আইন মান্য করতে ব্যর্থ হয় তাদের শাস্তি বর্ধন করছি।"

2019 নির্বাহী বাজেটের অংশ হিসেবে, গভর্নর কুওমো বিবেক বর্জিত লবিং কর্মকাণ্ড সীমাবদ্ধ করার জন্য এবং স্টেট সরকারে স্বচ্ছতা বৃদ্ধির জন্য একাধিক ব্যবস্থা নেওয়ার প্রস্তাব করেছেনঃ

জাতির প্রথম হিসেবে স্টেট লবিস্টদের জন্য কোড অব কন্ডাক্ট তৈরি করা। কোড অব কন্ডাক্ট সত্যের প্রতি দায়িত্ব, বিশ্বস্ততা, সরকার ও মক্কেলের কাছে ডিসক্লোজার, এবং নির্ভুল তথ্যের দায়িত্ব প্রচার করে। যদি এই বছর বিধানসভায় কোড অব কন্ডাকটি প্রণয়ন না করা হয়, তাহলে এটি নির্বাহী চেম্বারের সাথে কাজ করতে চায় এমন লবিস্টদের উপর প্রযোজ্য হবে।

- **JCOPE ডিসক্লোজার আবশ্যক করে এমন আর্থিক শেষ সীমা কমিয়ে 500 মার্কিন ডলার করাঃ** লবিস্ট এবং তাদের মক্কেলের জননীতির যৌথ কমিশনের (Joint Commission on Public Ethics, JCOPE) কাছে তাদের লবিং কার্যক্রম শুধু তখনই নিবন্ধন করতে হয় যখন তাদের ক্ষতিপূরণ ও ব্যয় যুক্ত হয়ে একটি বিশেষ শেষ সীমা পরিমাণের থেকে বেশি হয়। গভর্নর প্রস্তাব করছে এই সীমা কমিয়ে 500 মার্কিন ডলার করা হোক। পাশাপাশি, গভর্নর প্রস্তাব করছেন যে "প্রতিবেদনযোগ্য ব্যবসায়িক সম্পর্ক" এর খরচের শেষ সীমা কমানো হোক। একসাথে এই দুই প্রস্তাবনার অর্থ হবে 500 মার্কিন ডলার পার হলেই লবিস্টদের তাদের অনুশীলন ও নির্বাচিত কর্মকর্তার সাথে তাদের ব্যবসায়িক সম্পর্কের ব্যাপারে বিস্তারিত তথ্য নিবন্ধন ও ডিসক্লোজ করতে হবে। লবিস্ট ও তাদের মক্কেলদের জন্য নতুন অপেক্ষাকৃত কম এই শেষ সীমা এবং বর্ধিত ফাইলিং আবশ্যকতার অর্থ হবে যে লবিং কার্যক্রমে যুক্ত আরো অনেক বেশি মানুষকে জননীতির যৌথ কমিশনে ডিসক্লোজার নথি জমা দিতে হবে।
- **লবিস্টদের জন্য ক্যাম্পেইনে অবদান ডিসক্লোজ করাঃ** বর্তমানে লবিস্টরা ক্যাম্পেইনে যেই অবদান নিজে থেকে করে তার সাথে সরাসরি যুক্ত কোনো ডিসক্লোজারের আবশ্যকতা নেই। এই প্রস্তাবনার ফলে লবিস্টদের ক্যাম্পেইনে অবদান যৌথ জননীতি কমিশনে ডিসক্লোজ করতে হবে।
- **রাজনৈতিক কনসালটেন্টদের জন্য তারা পূর্বে যেসব নির্বাচিত কর্মকর্তার ক্যাম্পেইনে কাজ করেছে তাদের হয়ে লবিং নিষিদ্ধ করাঃ** বর্তমানে, রাজনৈতিক কনসালটেন্ট যারা রাজনৈতিক প্রার্থীর জন্য কাজ করে তারা একই প্রার্থী নির্বাচিত অফিসে যাওয়ার পর তার জন্য লবিং করতে পারে, এর ফলে রাজনীতিবিদের ক্যাম্পেইনে কাজ করেছে এমন রাজনৈতিক কনসালটেন্টের মক্কেলদের জন্য এই নির্বাচিত কর্মকর্তার কাছ থেকে পক্ষপাতমূলক আচরণ বা ব্যবহার পাওয়ার ঘটনা ঘটতে পারে। এই প্রস্তাবনার অধীনে, রাজনৈতিক কনসালটেন্ট যারা কোনো একজন স্টেটের নির্বাচিত কর্মকর্তার জন্য একটি ক্যাম্পেইনে কাজ করেছেন তাদের জন্য লবিং করা নিষিদ্ধ হবে, এবং যেই ব্যক্তি কোনো নির্বাচিত কর্মকর্তার জন্য লবিং করছে সে পরবর্তীতে তার রাজনৈতিক কনসালটেন্ট হিসেবে কাজ করার অনুমতি পাবে না।
- **লবিস্টদের জন্য রাজনৈতিক প্রার্থীদের ঋণ প্রদান নিষিদ্ধ করাঃ** বর্তমান আইন অনুযায়ী, লবিস্টরা আইনত প্রার্থীদের ঋণ প্রদান করতে পারবে, এর ফলে প্রার্থী নির্বাচিত হওয়ার পূর্বেই একই অনাকাঙ্ক্ষিত সম্পর্কের সৃষ্টি হয়। লবিস্টদের প্রার্থীদের ঋণ দেওয়া বন্ধ করে, আমরা সরকারের প্রতি জনগণের আস্থা পুনঃস্থাপনের কাজ শুরু করতে পারবো।
- **দুই বছরের সীমাকে পাঁচ বছরে বৃদ্ধি করা, সেই সময়ের মধ্যে লবিং নিষিদ্ধ করা, এবং পলিসি প্রস্তুতকারকদের উপর শুধু নিয়োগ-পরবর্তী সীমাবদ্ধতা আরোপ করাঃ** এটি বর্তমানের স্টেটে নিয়োগ-পরবর্তী বার যা স্টেটের কর্মীদের তাদের সাবেক এজেন্সির সামনে দুই বছর পর্যন্ত কাজ করা থেকে বিরত রাখে তা পাঁচ বছরে বৃদ্ধি করবে। এছাড়াও প্রস্তাবনাটি সকল পলিসি প্রস্তুতকারী বিধানিক কর্মীকে এবং নির্বাচিত কর্মকর্তাদের একটি উচ্চতর নিয়োগ-পরবর্তী বারের সম্মুখীন হতে হবে, এবং এটি সকল সাবেক পলিসি প্রস্তুতকারী স্টেট কর্মীদের স্টেটের সেবা ত্যাগের পর পাঁচ বছর পর্যন্ত লবিং করা বা লবিস্ট হিসেবে নিবন্ধন করা থেকে বিরত রাখে।
- **নির্বাচিত কর্মকর্তার কর্মীদের সেই নির্বাচিত কর্মকর্তার রাজনৈতিক ক্যাম্পেইনে স্বেচ্ছাসেবক হিসেবে কাজ করা থেকে বিরত রাখতে লিটল হ্যাচ আইন (Little Hatch Act) সংশোধন করাঃ** এই সংশোধনের পরেও কর্মীরা তাদের সরকারি পদ থেকে অনুপস্থিতির ছুটি নিয়ে রাজনৈতিক ক্যাম্পেইনে সবেতন কাজ করতে পারবে।

- **ডিসক্লোজার আইন মান্য করতে ব্যর্থ হওয়া লবিস্টদের জন্য শাস্তি বৃদ্ধি করা, যার মধ্যে সম্ভাব্য বার সনদ বাতিল অন্তর্ভুক্তঃ** আইন লঙ্ঘন করে ধরা পড়লে - যার মধ্যে আবশ্যক বিবৃতি বা প্রতিবেদন জমা দিতে ব্যর্থ হওয়া; একটি মিথ্যা বিবৃতি প্রদান করা; একটি র‍্যান্ডম অডিট দিতে অস্বীকৃতি জানালে; বা সরকারি কর্মকর্তাদের জন্য উপহার নিষেধাজ্ঞা লঙ্ঘন অন্তর্ভুক্ত - উল্লেখযোগ্য শাস্তি ও বার সনদ বাতিল হতে পারে।

বিশেষ স্থানীয় নির্বাচিত কর্মকর্তার জন্য JCOPE-এর সাথে আর্থিক ডিসক্লোজার বিবৃতি জমা দেওয়া আবশ্যক করা। বর্তমানে, শুধু স্টেট দ্বারা নির্বাচিত কর্মকর্তা এবং তাদের কর্মীরই জননীতির যৌথ কমিশনের কাছে আর্থিক ডিসক্লোজার জমা দেওয়ার জন্য আইনত বাধ্য। এই বিধানের ফলে এই আবশ্যকতা বিশেষ কাউন্টি ও মিউনিসিপাল নির্বাচিত কর্মকর্তার পর্যন্ত বিস্তৃত হবে, এর ফলে নিউ ইয়র্কের ভোটারদের সেই তথ্য দেওয়া হবে যা স্থানীয় সরকার পর্যায়ে সঠিক প্রতিনিধি বাছাই করতে তাদের প্রয়োজন।

ডিসক্লোজার আইন জোরদার করা। 2016 সালের জুন মাসে, রাজনীতিতে স্বচ্ছতার বর্ধিত অভাবের মধ্যে, গভর্নর কুওমো ল্যান্ডমার্ক সিটিজেনস ইউনাইটেড বনাম ফেডারেল নির্বাচন কমিশন (*Citizens United v. Federal Election Commission)* সিদ্ধান্তের উত্তরে নীতি সংশোধন আইন অগ্রসর করেন যার ফলে ক্যাম্পেইনের আর্থিক নিয়মকানুন জোরদার হয়। সিনেট ও অ্যাসেম্বলি উভয় স্থানে নীতি সংশোধন বিল পাশ হওয়ার পর, গভর্নর নিউ ইয়র্ক নির্বাহী আইন § 172 (New York Executive Law § 172) স্বাক্ষর করেন, এমন সব রাজনৈতিক সম্পর্ক ও আচরণ যা প্রভাবশালী হিসেবে ভালোমতো পরিচিত কিন্তু আড়ালে থেকেই কাজ করতো তার ডিসক্লোজার আবশ্যক করেন। এই বছর, গভর্নর কুওমো এই আইনটি আরো জোরদার করার প্রস্তাব দিচ্ছেন 501(c)(3) এবং 501(c)(4) প্রতিষ্ঠানগুলির রিপোর্টিং প্রক্রিয়া স্ট্রিমলাইনড করে, যার মধ্যে প্রতিষ্ঠানগুলিকে রিপোর্টিং সময়কাল শুরু হওয়ার পূর্বে সংবিধিগত রেহাই এর আবেদন করার একটি পদ্ধতি অন্তর্ভুক্ত।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন